# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**26 APRIL 2025** **7:45—7:55 PM IST**

================================================================

১) জাতীয় নিরাপত্তার প্রতি লক্ষ্য রেখে সন্ত্রাসবাদ বিরোধী অভিযানের সরাসরি সম্প্রচার এবং সুরক্ষা বাহিনীর গতিবিধি সম্পর্কীত সংবাদ সম্প্রচার না করতে সব সংবাদ মাধ্যমের প্রতি নির্দেশনা ।

২) দেশের বিভিন্ন সরকারী বিভাগ এবং সংস্থায় নবনিযুক্ত ৫১ হাজার প্রার্থীকে নিযুক্তি মেলার মাধ্যমে নিযুক্তি পত্র প্রদান ।

৩) বিশ্ব রোমান ক্যাথলিক চার্চের প্রধান পোপ ফ্রান্সিসের শেষকৃত্য আজ রোমের সেইন্ট মেরী মেজর ওয়েসিলিকাতে সম্মন্ন

এবং

৪) বরাক উপত্যকায় পঞ্চায়েত নির্বাচনের প্রচার অভিযান তুঙ্গে । আজ মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা সহ বিরোধী অন্যান্য বেশ কয়েকজন শীর্ষ নেতার প্রচারে অংশ গ্রহণ ।

--------------------------------------------------------------------------------

তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয় জাতীয় নিরাপত্তার প্রতি লক্ষ্য রেখে সন্ত্রাসবাদ বিরোধী অভিযানের সরাসরি সম্প্রচার এবং নিরাপত্তা বাহিনীর গতিবিধি সম্পর্কীত সংবাদ সম্প্রচার করা থেকে বিরত থাকতে সব সংবাদ মাধ্যমের প্রতি নির্দেশ জারী করেছে । জাতীয় নিরাপত্তা সুরক্ষিত রাখার ক্ষত্রে বিভিন্ন গণ মাধ্যম , ডিজিট্যাল মঞ্চ এবং জনসাধারণের ভূমিকার ওপর গুরুত্ব আরোপ করে মন্ত্রনালয় এই নির্দেশ জারী করেছে । এই নির্দেশনায় প্রতিরক্ষা অভিযান অথবা প্রতিরক্ষা বাহিনীর গতিবিধি সম্পর্কে তথ্য নির্ভর সংবাদ প্রতিবেদন আকারে প্রস্তুত করার ওপরও বাধা আরোপ করা হয়েছে । স্পর্শকাতর তথ্য সমূহ আগে থেকে প্রকাশ করা হলে নিরাপত্তা বাহিনীর কার্যকলাপ প্রভাবিত হওয়া সহ তাদের সুরক্ষার বিষয়টিতেও বিপদ সৃষ্টি হতে পারে বলে

নির্দেশনায় উল্লেখ করা হয়েছে । এছাড়াও দায়িত্বশীল সংবাদ পরিবেশনের ওপরও মন্ত্রনালয় বিশেষ গুরুত্ব আরোপ করেছে । কার্গিল যুদ্ধ , মুম্বই আক্রমণ এবং কান্দাহারে বিমান অপহরণের মত ঘটনার সময় সংবাদ পরিবেশন এবং অনিয়ন্ত্রিত সংবাদ সম্প্রচারের মাধ্যমে জাতীয় সুরক্ষার ওপর নেতিবাচক প্রভাব ফেলেছিল বলে মন্ত্রনালয় উল্লেখ করেছে । একই সঙ্গে মন্ত্রনালয় সব টি ভি চ্যানেলকে টি ভি নেটওয়ার্ক ২০২১ মেনে চলার পরামর্শ দিয়েছে ।

---------------------------------------------------------------------------------

কাশ্মীরের পহলগামে সংঘটিত সন্ত্রাসবাদী আক্রমণকে সমর্থন করা লোকের বিরুদ্ধে আসাম পুলিশ বিভিন্ন স্থানে অভিযান অব্যাহত রেখেরছে । পহলগামের ভয়াবহ ঘটনা সম্পর্কে সামাজিক মাধ্যমে দেশ বিরোধী মন্তব্য করার অভিযোগে আজ গৌহাটি থেকে ডিম্পল বরুয়াকে গোলাঘাট পুলিশ গ্রেপ্তার করেছে । অনুরূপভাবে শ্রীভূমি জেলার কালিগঞ্জ থেকে মুস্তাক আহমেদ নামে এক যুবককে গ্রেপ্তার করা হয়েছে । কামরূপ জেলার হাজো থেকেও আরো এক ব্যাক্তকে গ্রেপ্তার করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা সংবাদ মাধ্যমকে জানিয়েছেন । মুখ্যমন্ত্রী জানিয়েছেন যে দেশ বিরোধী মন্তব্য করা লোকেদের গ্রেপ্তার করা হবে । সামাজিক মাধ্যমের আপত্তিজনক পোষ্ট পরীক্ষা করে দেখা হচ্ছ বলেও মুখ্যমন্ত্রী জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------

যুব প্রজন্ম যখন রাষ্ট্র গঠনে অংশ গ্রহণ করে তখনই রাষ্ট্রের অগ্রগতি দ্রুতগামী হয় এবং সমগ্র বিশ্বে এর সরাসরি প্রভাব বিস্তার করে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উল্লেখ করেছেন । তিনি বলেন যে দেশের যুব প্রজন্ম তাদের কঠোর পরিশ্রম এবং উদ্ভাবনের মাধ্যমে সমগ্র বিশ্বকে ভারতের অগ্রগতির সংকেত দিয়েছে । ভি-ডি-ও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে সরকারের বিভিন্ন বিভাগে আজ নতুন করে ৫১ হাজারের অধিক প্রার্থীদের মধ্যে নিযুক্তি পত্র বিতরণ করার পর প্রধানমন্ত্রী শ্রী মোদী এই মন্তব্য করেন । তিনি বলেন যে নিযুক্তিপত্র লাভ করা যুবক - যুবতীদের রাষ্ট্রের অর্থনীতি , আভ্যন্তরীণ সুরক্ষা , আধুনিক পরিকাঠামো গড়ে তোলা এবং শ্রমিকদের জীবনের পরিবর্তন আনার ক্ষেত্রে গুরুদায়িত্ব বহণ করতে হবে । এক ই সঙ্গে তিনি উল্লেখ করেন যে তারা নিজেদের দায়িত্ব যত বেশী সততার সঙ্গে পালন করবে বিকশিত ভারত যাত্রা তত বেশী গতিতে এগিয়ে যাবে ।

---------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল বেলা ১১টায় আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ-বিদেশের জনসাধারণের সঙ্গে তার চিন্তা ভাবনা ভাগ করে নেবেন । এটি

হবে মন-কি-বাত অনুষ্ঠানের ১ শ ২১তম পর্ব । এই অনুষ্ঠান আকাশবাণী ও দূরদর্শনের সবগুলি নেট ওয়ার্ক সহ আকাশবাণীর ওয়াবসাইট এবং নিউজ অন এ-আই-আর মোবাইল এ্যাপেও শোনা যাবে । আকাশবাণী , ডি-ডি নিউজ , প্রধানমন্ত্রীর কার্যালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয়ের ইউ-টিউব চ্যানেলেও এই অনুষ্ঠান প্রচার করা হবে । প্রধানমন্ত্রীর অনুষ্ঠান শেষ হওয়ার পরই মন-কি-বাত অনুষ্ঠানের আঞ্চলিক অনুবাদ প্রচার করা হবে ।

---------------------------------------------------------------------------------------

বিশ্ব রোমান ক্যাথলিক চার্চের প্রধান পোপ ফ্রান্সিসের শেষকৃত্য আজ রোমের সেইন্ট মেরী মেজর ওয়েসিলিকাতে সম্মন্ন হয়েছে । ভাটিক্যান সিটির সেইন্ট পিটার্স স্কয়ারে ভারতীয় সময় অনুসারে আজ দুপুর দেড়টায় শেষকৃত্য কার্যসূচি আরম্ভ করা হয় । এতে বিশ্বের বেশ কয়েকজন রাষ্ট্রপ্রধান এবং প্রতিনিধি সহ প্রচুর সংখ্যক জনসাধারণ উপস্থিত ছিলেন । রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ভারত সরকার এবং দেশের জনসাধারণের পক্ষে প্রয়াত পোপের প্রতি শেষ শ্রদ্ধা জ্ঞাপন করেন । পোপ ফ্রান্সিসের শেষকৃত্য কার্যসূচিতে অংশ গ্রহণ করার উদ্দেশ্যে রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু আগেই ভেটিক্যান সিটিতে উপস্থিত হয়েছিলেন । শ্রীমতী মুর্মুর সঙ্গে সংসদীয় পরিক্রমা মন্ত্রী কিরেণ রিজিজু সংখ্যালঘু পরিক্রমা দপ্তরের মন্ত্রী জর্জ কুরিয়ান এবং গোয়া বিধানসভার উপাধ্যক্ষ জে ডি সাজাও বেটিক্যান সিটিতে উপস্থিত রয়েছেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও পোপ ফ্রান্সিসের প্রতি গভীর শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেছেন । সামাজিক মাধ্যমের এক বার্তায় শ্রী মোদী বলেছেন যে সমাজের প্রতি পোপ ফ্রান্সিস যে সেবা করে গেছেন তার জন্য বিশ্ব তাকা সর্বদা স্মরণ করবে । উল্লেখ্য, পোপ ফ্রান্সিস গত ২১ শে এপ্রিল শেষ নি:শ্বাস ত্যাগ করেন।

---------------------------------------------------------------------------------------

পঞ্চায়েত নির্বাচনের দিন এগিয়ে আসার সংগে সংগে বিভিন্ন রাজনৈতিক দলের প্রচার অভীযান ক্রমশ জোরদার হচ্ছে । বিজেপি নেতা তথা মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ বরাক উপত্যকার তিন জেলায় নির্বাচনী প্রচারে অংশ গ্রহণ করেন । মুখ্যমন্ত্রী ড: শর্মা কাছাড় জেলার উধারবন্দ
হাতিছড়া চা বাগানের মাঠে আয়োজিত এক নির্বাচনী সভায় অংশ নিয়ে ভাষন দেন । মুখ্যমন্ত্রী বলেন বরাক উপত্যকার উন্নয়ন ছাড়া আসামের উন্নয়ন সম্ভব নয় । ২০২৬ সালের বিধানসভা নির্বানের আগে ইষ্ট -ওয়েষ্ট করিডর অর্থাৎ মহাসড়ক চলাচলের উপযোগী হয়ে উঠবে বলে উল্লেখ করে বরাক উপত্যকা ও দিসপুরের মধ্যে দূরত্ব হ্রাস

করে মাত্র ৫ ঘন্টার মধ্যে পাচগ্রাম থেকে বরাপানী পর্যন্ত যাওয়ার জন্য সড়ক নির্মানের কাজ শুরু হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান ।
আগামী সেপ্টেম্বর মাসে শিলচরে নিগমের নির্বাচন অনুষ্ঠিত হবে বলে মুখ্যমন্ত্রী ড: শর্মা জানান ।মুখ্যমন্ত্রী বলেন --

বাইট

সর্বভারতীয় কংগ্রেসের সম্পাদক পৃথীরাজ শাঠে আজ  কাটিগড়ার বাবুরবাজারে আয়োজিত এক নির্বাচনী সভায় অংশ গ্রহণ করে ভাষন দেন ।তিনি ভারতীয় জনতা পার্টির সমালোচনা করে নিজ নিজ এলাকার উন্নয়নে গুরুত্ব আরোপ করে দলীয় প্রার্থীদের হয়ে প্রচার চালান ।
সাংসদ রকিবুল হুসেইন সোনাবারীঘাটের বাগপুরে এক র্নিবাচনী জনসভায় অংশ নিয়ে কংগ্রেস প্রার্থীদের সমর্থনে প্রচার চালান ।
মুখ্যমন্ত্রী ড: শর্মা শ্রী ভূমি জেলার নীলামবাজারে স্বামী বিরজানন্দ স্কুলের মাঠে আয়োজিত এক জনসভায় ভাষন দেন । তিনি বলেন বর্তমান সরকার আগামী ১০ ই মে চার বছর পূর্ন করবে । এবারের পঞ্চায়েত নির্বাচনের পর আগামী বছর বিধানসভা নির্বাচন অনুষ্ঠিত হবে । তিনি গত এই কয় বছরে রাজ্যে নতুনকরে স্কুল কলেজ স্থাপন করা সহ মেধার ভিত্তিতে সরকারি চাকুরী প্রদানের কথা উল্লেখ করে সমগ্র রাজ্যে বর্তমানে শান্তির বাতাবরণ তৈরী হয়েছে বলে মন্তব্য করেন ।লোকসভা নির্বাচনের প্রতিশ্রুতি অনুযায়ী বরাক উপত্যকার মুসলিম মৎস্যজীবি সম্প্রদায়ের মাইমালদের গণনার কাজ আগামী এক মাসের মধ্যে আরম্ভ হবে বলে তিনি জানান । নির্বাচনী সভায় মন্ত্রী কৃষ্ণেন্দু পাল , মন্ত্রী কৌশিক রাই , সাংসদ মিশন রঞ্জন দাস , বিধায়ক বিজয় মালাকার  , কমলাক্ষ দে পুরকায়স্থ , জেলা বিজেপি সভাপতি সঞ্জীব বনিক সহ  দলীয় কর্মকর্তারা উপস্থিত ছিলেন ।
পঞ্চায়েত নির্বাচন উপলক্ষে বিরোধী কংগ্রেস সহ অন্যান্য রাজনৈতিক দল ও নির্দল প্রার্থীরা প্রচার অভিযান চালিয়ে যাচ্ছেন । রাজ্যের প্রাক্তন মন্ত্রী ও বর্তমান সাংসদ রকিবুল হুসেইন দলীয় প্রার্থীদের হয়ে প্রচারে অংশ নিতে আজ শ্রী ভূমি জেলায় আসেন । জেলার এংলার বাজারে রাজাটিলা উমরপুর আসনের দলীয় প্রার্থীর হয়ে তিনি নির্বাচনী সভায় ভাষন দেন । রাজ্যে দ্রব্য মূল্য নিয়ন্ত্রন ও উন্নয়নের লক্ষ্যে তিনি পঞ্চায়েত নির্বাচনের প্রার্থীদের হয়ে প্রচার চালান ।

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা হাইলাকান্দি জেলার আয়নাখাল চা বাগানে আয়োজিত বিজয় সংকল্প সমাবেশে
অংশ নিয়ে ভাষন দেন । সমাবেশে মুখ্যমন্ত্রী রাজ্যের উন্নয়নে জোর দিয়ে বিজেপি - অগপ মিত্রজোট প্রার্থীদের সমর্থনে প্রচার চালান ।

---------------------------------------------------------------------------------

বাংলা নববর্ষ উপলক্ষে জাতীয় প্রযুক্তি প্রতিষ্ঠান ( এন আই টি ) শিলচরে আজ একটি সাংস্কৃতিক অনুষ্ঠান ‘ঐক্যতান - ২০২৫, উদযাপন করা হয় । ছাত্র-ছাত্রী এবং অধ্যাপকদের একত্রিত প্রচেষ্টায় আজকের এই অনুষ্ঠানের মাধ্যমে ভারতের বৈচিত্রময় সংস্কৃতি এবং ঐতিহ্যকে এক মঞ্চে তুলে ধরার চেষ্টা করা হয় । এই উপলক্ষে আজ সকালে বাঙ্গালী পরম্পরা সংস্কৃতি অনুসারে একটি শুভাযাত্রা বের হয় । বিভিন্ন অনুষ্ঠান সূচির মধ্যে ছিল নৃত্য-নাট্য , বেন্ড প্রদর্শন ইত্যাদি । সন্ধ্যায় আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে বিশিষ্ট সঙ্গীতশিল্পী অস্মিতা করের সঙ্গীত পরিবেশনের কথা রয়েছে । এন আই টি শিলচরের সঞ্চালক ডক্টর দিলীপ কুমার বৈদ্য বলেন যে ঐক্যতান হচ্ছে আমাদের একটি সামাজিক ও সাংস্কৃতিক প্রতীক । পাঠ্যবইয়ের বাইরে গিয়ে ছাত্র-ছাত্রীদের মধ্যে যাতে ভারতের পরম্পরা , সংস্কৃতি এবং একতার মূল্যবোধ গড়ে উঠে এই উদ্দেশ্যেই আজকের এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------